

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
নিরীক্ষা-২ অধিশাখা।  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

স্মারক নম্বর : ১২.০০.০০০০.০৪৩.০৬.০১২.১৫- ১০১


তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি.

## “ত্রিপক্ষীয় সভার নোটিশ”

উপপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেক্টর-৭ রাজশাহীর আওতাধীন বিএমডিএ’র অগ্রিম অনুচ্ছেদভুক্ত ৩৫টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নির্বাহী পরিচালক, বিএমডিএ, রাজশাহী দপ্তরে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. সকাল ১০.০০ টায় একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যুগ্মসচিব (নিরীক্ষা) কৃষি মন্ত্রণালয়, জনাব আখতারী বেগম সভাপতিত্ব করবেন।

০২। নির্বাহী পরিচালক (বিএমডিএ), রাজশাহী সভার সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন। সমন্বয়কারী কর্মকর্তা ফোল্ডারে প্রমাণকসহ ০৫ সেট কার্যপত্র সভায় সরবরাহসহ সভাসংশ্লিষ্ট অন্যান্য ব্যবস্থাাদি নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ স্ব স্ব দপ্তর সংশ্লিষ্ট মূল আপত্তির কপি, নিষ্পত্তিসহায়ক কাগজপত্র ও কার্যপত্রের সফট কপিসহ নির্ধারিত সময়ের পূর্বে সভাস্থলে উপস্থিত থাকবেন।

০৩। কৃষি মন্ত্রণালয়ের নিরীক্ষা-২ অধিশাখার সাঁট মুদ্রাক্ষরিক, নাজিম উদ্দিন আহমেদ, সভাপতি মহোদয়কে সহায়তার জন্য সভায় উপস্থিত থাকবেন।

  
আমেনা বেগম  
উপসচিব  
ফোন : ৯৫৬৪৩৪৪

মহাপরিচালক  
বাণিজ্যিক অডিট অধিদপ্তর  
অডিট কমপ্লেক্স  
সেগুনবাগিচা, ঢাকা।

{দৃ: আ: উপপরিচালক, বাঅঅ, (সেক্টর-৭) রাজশাহী}

স্মারক নং : ১২.০০.০০০০.০৪৩.০৬.০১২.১৫- ১০১


তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতাভিত্তিক নয়) :

১. নির্বাহী পরিচালক, বিএমডিএ, রাজশাহী।
২. উপপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেক্টর-৭ রাজশাহীর।
৩. জেলা প্রশাসক, রাজশাহী { যুগ্মসচিব (নিরীক্ষা) মহোদয়ের জন্য সার্কিট হাউজে একটি কক্ষ বরাদ্দের অনুরোধসহ }।
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৭. জনাব নাজিম উদ্দিন আহমেদ, সাঁট মুদ্রাক্ষরিক, নিরীক্ষা-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
৮. জনাব মোঃ জনাব আলী, অফিস সহায়ক, নিরীক্ষা-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় (সংশ্লিষ্ট নথিপত্রসহ তাকে সভায় যথাসময়ে উপস্থিত থাকতে বলা হলো)।

অনুলিপি : জ্ঞাতার্থে :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।

  
আমেনা বেগম  
উপসচিব  
ফোন : ৯৫৬৪৩৪৪